



## এনসিপি নেতা সারজিস আলমের অশ্রোপচার সম্পন্ন



সারজিস আলম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক এবং স্থানীয় সরকার নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান সারজিস আলমের অশ্রোপচার সফলভাবে সম্পন্ন হয়েছে।

মঙ্গলবার (২৮ এপ্রিল) বিকেলে দলের কেন্দ্রীয় সদস্য ও মিডিয়া সেলের দায়িত্বপ্রাপ্ত ইয়াসির আরাফাত বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, সন্ধ্যার পর চিকিৎসকরা সার্জারির সিদ্ধান্ত নেন এবং রাত সাড়ে ৯টার দিকে রাজধানীর ধানমন্ডির ইবনে সিনা হাসপাতালে একটি ছোট অপারেশন করা হয়। অশ্রোপচার সফল হয়েছে এবং দ্রুত সুস্থ হয়ে ওঠার আশা করা হচ্ছে। এর আগে বিকেল পৌনে ৩টার দিকে হঠাৎ তীব্র পেটব্যথা অনুভব করলে সারজিস আলমকে দ্রুত হাসপাতালে নেওয়া হয়। বর্তমানে তিনি চিকিৎসকদের তত্ত্বাবধানে রয়েছেন। এদিকে, তার ছোট ভাই সাহাদাত হোসেন সাকিব জানান, পরিবারের পক্ষ থেকে সবার কাছে দোয়া কামনা করা হয়েছে যাতে তিনি দ্রুত সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরতে পারেন।

LENS ASIA